



বিএমইউজে কক্সবাজার কমিটি গঠিত, সভাপতি নোবেল-সম্পাদক সোহেল



LENS ASIA সংগৃহীত ছবি

বাংলাদেশ মফস্বল সাংবাদিক ইউনিয়ন (বিএমইউজে) কক্সবাজার জেলা শাখার ৩১ সদস্যবিশিষ্ট নতুন কমিটি গঠিত হয়েছে। সভাপতি নির্বাচিত হয়েছেন আব্দুল আলীম নোবেল এবং সাধারণ সম্পাদক হয়েছেন আলহাজ্ব হাবিবুর রহমান সোহেল। প্রতিনিধি সভায় কণ্ঠ ভোটের মাধ্যমে দুই বছরের জন্য এ কমিটি গঠিত হয়।

বাংলাদেশ মফস্বল সাংবাদিক ইউনিয়ন (বিএমইউজে) কক্সবাজার জেলা শাখার নতুন নেতৃত্ব নির্বাচন করা হয়েছে। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর ২০২৫) রাত ১০টায় কক্সবাজারের তারকামানের হোটেল রামাদায় অনুষ্ঠিত প্রতিনিধি সভায় কণ্ঠ ভোটের মাধ্যমে ৩১ সদস্যের জেলা কমিটি ঘোষণা করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে সভাপতি হিসেবে নির্বাচিত হন আব্দুল আলীম নোবেল (জেলা প্রতিনিধি, জাতীয় দৈনিক আমাদের বাংলা ও দৈনিক আমাদের চট্টগ্রাম এবং সম্পাদক, পরিকল্পিত বার্তা)। সাধারণ সম্পাদক নির্বাচিত হন আলহাজ্ব হাবিবুর রহমান সোহেল (স্টাফ রিপোর্টার এশিয়ান টিভি; জেলা প্রতিনিধি, আমাদের সময় মিডিয়া গ্রুপ; এবং প্রতিনিধি বাংলাবাজার পত্রিকা ও প্রতিদিনের বাংলাদেশ ডিজিটাল)।

এসময় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ মফস্বল সাংবাদিক ইউনিয়নের প্রতিষ্ঠাতা ও কেন্দ্রীয় সভাপতি আলহাজ্ব সোহেল আহমেদ। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন নীলু, সাংগঠনিক সম্পাদক সোহাগ আরেফিনসহ কক্সবাজার জেলা কমিটির সদস্য ও স্থানীয় সাংবাদিক নেতৃবৃন্দ।

সভায় কেন্দ্রীয় সভাপতি সোহেল আহমেদ সাংবাদিকদের পেশাদারিত্ব, সামাজিক দায়বদ্ধতা ও ঐক্যবদ্ধভাবে অধিকার আদায়ে কাজ করার আহ্বান জানান।

নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক বস্তুনিষ্ঠ সাংবাদিকতা এবং নির্যাতিত সাংবাদিকদের পাশে দাঁড়ানোর অঙ্গীকার ব্যক্ত করে সবার সহযোগিতা কামনা করেন।